# Translations

**UNIT 14**

### *Objectives*

On completion of this unit you'll be able to -

- identify equal expressions in English language for some Bengali words and sentences
- work out Bengali sentences of various types and tenses into English
- translate short and simple Bengali passages into English



### *Overview*

**Lesson 1 :** How to Translate

**Lesson 2 :** Passages for Practice

**Lesson 3 :** More Passages for Practice

**Answer Key**

# How to Translate

**LESSON 1**

## A

***English Two*** বইয়ে আপনারা বিভিন্ন parts of speech এবং present, past ও future simple tenses ব্যবহার করে বাংলা থেকে ইংরেজিতে translate করতে শিখেছেন। এই বইয়ে অন্যান্য tense এবং বিভিন্ন sentence type কে ব্যবহার করে translate করা নিয়ে আলোচনা করা হবে।

আপনারা এর মধ্যে ***English One***, ***English Two***, ***English Three*** এই বইগুলো থেকে বিভিন্ন ধরনের sentence যেমন statement, question, answer, request, compulsion, obligation ইত্যাদি m¤úর্কে ধারণা লাভ করেছেন। এ ছাড়া present, past ও future tense-এর simple, continuous, perfect ও perfect continuous এই form গুলো m¤úর্কেও জেনেছেন। Translations এর ক্ষেত্রে English language m¤úর্কে আপনার সমস্ জ্ঞান ও দক্ষতাকে কাজে লাগাতে হবে। এ জন্য নিচের ধাপগুলো অনুসরণ কর“ন :

- বাংলায় দেওয়া অনু”Qদটি মনোযোগ দিয়ে পড়ে ক্রিয়াপদগুলোর form অর্থাৎ sentence গুলোর tense m¤úর্কে ধারণা করতে চেষ্টা কর“ন।
- কোনো শব্দ বা প্রকাশভঙ্গি অপরিচিত মনে হলে context বা সমগ্র অনু”Qদ থেকে তার অর্থ অনুধাবন করতে চেষ্টা কর“ন এবং বাংলা শব্দ বা বাক্যাংশগুলির ইংরেজি সমার্থক শব্দগুলি খুঁজে বের কর“ন।
- বাক্যের ধারা ও tense অনুযায়ী বাক্যসমহের মধ্যে ci¯úi সঙ্গতি রেখে বাংলা থেকে ইংরেজিতে অনুবাদের চেষ্টা কর“ন।
- অনুবাদের ক্ষেত্রে প্রতিটি শব্দকেন্দ্রিক আক্ষরিক অনুবাদ না করে বাক্য বা অনু”Qদের ভাব অনুযায়ী অনুবাদের চেষ্টা কর“ন। এক্ষেত্রে বাংলায় কোনো দীর্ঘ বাক্যকে ইংরেজিতে দুটি কিংবা তিনটি বাক্যে প্রকাশ করতে পারেন। অথবা বাংলায় দুতিনটি সংক্ষিপ্ত বাক্যকে ইংরেজিতে এক বাক্যেও প্রকাশ করতে পারেন।
- সমস্ অনু”Qদটি ইংরেজিতে অনুবাদের পর Ab‚দিত ইংরেজি অংশটি মনোযোগ দিয়ে পড়ে দেখুন বাক্যসমহের মধ্যে কোনো অসঙ্গতি আছে কিনা অথবা তাদেরকে আরো উন্নত বা পরিশীলিত করা যায় কিনা। প্রয়োজনীয় ক্ষেত্রে সংশোধন ও পরিশীলন কর“ন এবং প্রয়োজন হলে ইংরেজি অনু”Qদটি পুনরায় লিখুন।

## B

একটি উদাহরণ দেওয়া যাক। ধরা যাক নিচের অনু”Qদটি ইংরেজিতে translate করতে হবে।

> শের শব্দের অর্থ বাঘ। শেরে বাংলা মানে বাংলার বাঘ। কে এই বাঘ ছিলেন জান কি? আবুল কাশেম ফজলুল হক ছিলেন এই বাংলার বাঘ। তাঁর গায়ে ছিল বাঘের মতো শক্তি। তিনি কখনও ন্যায় কাজ করতে ভয় পেতেন না। ১৯৪০ সালে তাঁকে শেরে বাংলা উপাধি দেওয়া হয়।

প্রথমেই যে বিষয়টি লক্ষ করা যায়, তা হ”Q অনু”Qদটির প্রথম দুটি বাক্য simple present tense-এ লেখা। তৃতীয় বাক্যটি একটি complex sentence; এখানে principle clause (জান কি) present tense-এ হলেও dependent clause (কে এই বাঘ ছিলেন) past tense এ বর্ণিত। তাছাড়া একমাত্র এই বাক্যটিই question বা প্রশ্নবোধক। অনু”Qদের অন্যান্য বাক্যগুলো ¯úষ্টভাবে past tense-এ লেখা। তবে সর্বশেষ বাক্যটি verb এর passive form-এ (উপাধি দেওয়া হয়) লেখা।

এখন translate-এর জন্য কোনো ইংরেজি সমার্থক খুঁজে পেতে সমস্যা আছে কি? নিচের সমার্থকগুলো লক্ষ Ki“b। অনুবাদের ক্ষেত্রে একই শব্দ বা প্রকাশভঙ্গির একাধিক সমার্থক থাকতে পারে। এক্ষেত্রে আপনার বিবেচনা অনুযায়ী অধিক উপযোগী সমার্থকটি ব্যবহার করতে হবে।

| | | |
|---|---|---|
| অর্থ | : | meaning (noun) / means (verb) |
| তাঁর গায়ে ছিল | : | He possessed / He had ___ in his body |
| বাঘের মতো শক্তি | : | strengths like as a tiger |
| ন্যায় কাজ | : | the right work |
| করতে ভয় পেতেন | : | afraid of doing |
| উপাধি | : | title |
| দেওয়া হয় | : | was awarded |

এবার অনু”Qদটি ইংরেজিতে translate করার চেষ্টা করা যাক।

শের শব্দের অর্থ বাঘ।

The meaning of the word 'Sher' is the tiger. অথবা
The word 'Sher' means the tiger.

শেরে বাংলা মানে বাংলার বাঘ।

'Sher-e-Bangla' means the tiger of Bengal.

কে এই বাঘ ছিলেন জান কি?

Do you know who this tiger was?

আবুল কাশেম ফজলুল হক ছিলেন এই বাংলা বাঘ।

Abul Quassem Fazlul Huq was this tiger of Bengal.

তাঁর গায়ে ছিল বাঘের মতো শক্তি।

He possessed the strengths like a tiger. অথবা
He had the strengths like a tiger in his body.

তিনি কখনও ন্যায় কাজ করতে ভয় পেতেন না।

He was never afraid of doing the right work.

১৯৪০ সালে তাঁকে শেরে বাংলা উপাধি দেওয়া হয়।

He was awarded the title 'Sher-e-Bangla' in 1940. অথবা
The title 'Sher-e-Bangla' was awarded to him in 1940.

দেখা যা”Q বাংলা বাক্যগুলোর translation বিভিন্নভাবে হতে পারে। এক্ষেত্রে বাক্যগুলোর cÖi¯úiK সঙ্গতি রক্ষা করে আমরা অনু”Qদটির অনুবাদ এভাবে করতে পারি –

The word 'Sher' means the tiger. 'Sher-e-Bangla' means the tiger of Bengal. Do you know who this tiger was? Abul Quassem Fazlul Huq was this tiger of Bengal. He had the strengths like a tiger in his body. He was never afraid of doing the right work. In 1940 he was awarded the title 'Sher-e-Bangla'.

মনে রাখবেন এই অনুবাদটিই যে অনু”Qদটির একমাত্র সঠিক translation তা নয়। একই অনু”Qদের একাধিক সঠিক translation থাকতে পারে। এক্ষেত্রে অনু”Qদটির মলভাব সঠিকভাবে translated হ”Q কিনা সেটিই বিবেচ্য বিষয়।

Lesson 2 ও Lesson 3-তে আপনার অনুশীলনের জন্য কিছু passage দেওয়া হল। এদের সাথে প্রয়োজনীয় ইংরেজী শব্দ এবং phrase-ও দেওয়া আছে। এগুলো অনুসরণ করে translation এর practice কর“ন এবং Answer Key তে উলিখিত translations এর সাথে আপনার করা translation গুলো তুলনা করে দেখুন। খেয়াল রাখবেন আপনার করা translation গুলো Answer Key থেকে ভিন্ন হতে পারে। এতে উদ্বিগ্ন হওয়ার কিছু নেই। যথাযথভাবে মলভাবকে তুলে ধরলে এবং ব্যাকরণগত দিক থেকে গ্রহণযোগ্য হলে আপনার করা translation গুলোও সঠিক।

# Passages for Practice

**LESSON 2**

***Read the following passages and try to translate them into English. Compare your answers with those given in the Answer Key.***

**1.**



সকাল সাতটা বেজেছে। এখন স্কুলে যাবার সময়। কাল আমি দেরিতে স্কুলে গিয়েছিলাম। সেজন্য শিক্ষক আমাকে বকেছেন। তুমি স্কুলে যাবে না? কালও তুমি স্কুলে যাওনি। তৈরি হও। আজ তোমাকে স্কুলে যেতেই হবে।

| | | |
|---|---|---|
| কাল দেরিতে ... | : | I was late ... |
| বকেছেন | : | scolded, took me to task |
| যেতেই হবে | : | must go ... |

**2.**

রফিক : তুমি কি কখনো ঢাকা চিড়িয়াখানায় গিয়েছ?
রানা : হ্যাঁ, গিয়েছি। দুইবার।
রফিক : ওখানে কী তোমার সবচেয়ে ভালো লাগল?
রানা : ওখানকার প্রাকৃতিক দৃশ্য।

| | | |
|---|---|---|
| চিড়িয়াখানা | : | Zoo |
| প্রাকৃতিক দৃশ্য | : | Natural views |

**3.**



শিশুরা মেলায় যেতে ভালোবাসে। মেলায় হরেক রকম দোকান বসে। প্রচুর মানুষের সমাগম হয়। মেলায় গেলে শিশুদের আনন্দের সীমা থাকে না। মেলার পরিবেশ আনন্দের পরিবেশ।

| | | |
|---|---|---|
| মেলায় যেতে | : | to visit the fair |
| হরেক রকম | : | different types of |
| সমাগম হয় | : | gather |
| আনন্দের সীমা থাকে না | : | know no bounds |
| পরিবেশ | : | atmosphere |

**4.**

আজ ভয়ংকর গরম। ঘরে থাকা কষ্টকর। চলো একটু বাইরে হেঁটে আসি। নদীর ধারে বাতাস বেশ শীতল। সেখানে গেলে বেশ আরাম পাওয়া যাবে।

| | | |
|---|---|---|
| ভয়ংকর গরম | : | terribly hot |
| কষ্টকর | : | difficult |
| হেঁটে আসি | : | go for a walk |
| বেশ শীতল | : | quite cool |
| বেশ আরাম | : | quite comfortable |

## 5.

ছাত্রজীবনের সবচেয়ে গুর"ত্বপর্ণ কাজ হ"Q পড়াশোনা। এ সময়টি মল্যবান। ভবিষ্যত জীবন ছাত্রজীবনের ওপর নির্ভরশীল। পাঠ্য বই ছাড়াও অন্যান্য ভালো বই পড়তে হবে। বিখ্যাত লোকদের জীবন m¤úর্কে জানতে হবে।

| | | |
|---|---|---|
| গুর"ত্বপর্ণ | : | important |
| নির্ভরশীল | : | dependent on/depends on |

## 6.



সেদিন আমি মেলায় গিয়েছিলাম। হঠাৎ দেখি ছোট একটি ছেলে কাঁদছে। সে তার মাকে খুঁজে পা"Qল না। সে উ"P¯^রে 'মা' 'মা' বলে ডাকছিল। এদিকে তার মা ও তাকে কাঁদতে কাঁদতে খুঁজছিলেন। দৌড়ে এসে তারা একে অপরকে জড়িয়ে ধরল।

| | | |
|---|---|---|
| খুঁজে পা"Qল না | : | could not find |
| উ"P¯^রে | : | at the top of his voice |
| একে অপরকে জড়িয়ে ধরল | : | embraced each other/hugged each other to the bosom. |

## 7.

কক্সবাজার একটি ছোট শহর। এর প্রাকৃতিক দৃশ্য অতি মনোরম। কক্সবাজারের দক্ষিণে বঙ্গোপসাগর। এখানকার আবহাওয়া চমৎকার। আমি কয়েক বছর আগে সেখানে গিয়েছিলাম।

| | | |
|---|---|---|
| আবহাওয়া | : | weather |
| কয়েক বছর | : | a few years |

## 8.

কমলা একটি অত্যš— সুস্বাদু ফল। এর আকার গোল। এটি বাংলাদেশের সিলেট ও চট্টগ্রামে জন্মে। এর আবরণ খুব পাতলা ও রসালো। সবাই কমলা পছন্দ করে। এটি অত্যš— পুষ্টিকর বটে।

| | | |
|---|---|---|
| সুস্বাদু | : | delicious |
| রসালো | : | Juicy |
| পুষ্টিকর | : | Nutritious |

# More Passages for Practice

**LESSON 3**

## 1.

জয়নুল আবেদীনের জন্ম কিশোরগঞ্জের একটি গ্রামে। পরিবারের বড় ছেলে তিনি। ছোটবেলা থেকে তিনি ছবি আঁকতে ভালোবাসতেন। সারাজীবন তিনি মানুষের সুখ দুঃখের ছবি এঁকেছেন।

You can use the phrase *'weal and woe'* to translate *সুখ দুঃখ*

## 2.

আমাদের দেশের শতকরা ৮৫ জন লোক গ্রামে বাস করে। তারা দরিদ্র ও অশিক্ষিত। তারা অনেকেই ভূমিহীন কৃষক। তারা অন্যের জমি চাষ করে। তারা ফসলের খুব কম ভাগ পায়।

| | | |
|---|---|---|
| ভূমিহীন | : | landless |
| অন্যের জমি | : | the land of others |
| খুব কম ভাগ | : | a very small share |

## 3.

বাংলাদেশ আমাদের মাতৃভূমি। এদেশের লোক অত্যন্ত শান্তিকামী। আমরা সবার সাথে শান্তিতে বাস করতে চাই। আমরা কাউকে হিংসা করি না। আমাদের সংস্কৃতির জন্য আমরা গর্বিত।

| | | |
|---|---|---|
| শান্তিকামী | : | peace loving |
| শান্তিতে বাস করতে | : | live in peace |
| হিংসা করি না | : | do not envy |
| সংস্কৃতি | : | culture |

## 4.

বাংলাদেশ নদীর দেশ। নদীগুলো সবই বঙ্গোপসাগরে পড়েছে। নদীগুলির দুই তীরে আছে অনেক শহর, বন্দর ও গ্রাম। বর্ষাকালে নদীগুলো ভীষণ বিপজ্জনক হয়ে ওঠে। কিন্তু শীতকালে এগুলো শান্ত থাকে।

## 5.

বাংলাদেশে অনেক নদী আছে। তাই একে বলা হয় নদীর দেশ। বর্ষাকালে এই নদীগুলো পানিতে ভরে যায়। সে সময় বেশিরভাগ মানুষ নৌকায় চলাচল করে। বড় বড় নদীতে স্টিমার চলে। সে সময় নদীগুলোকে খুব সুন্দর দেখায়।

| | | |
|---|---|---|
| নদীর দেশ | : | land of rivers |
| নৌকায় চলাচল করে | : | move on boats |
| স্টিমার চলে | : | steamers ply |

## 6.

সর্য তাপ ও আলো দেয়। এটি দেখতে একটি ছোট থালার মতো। কিন্তু প্রকৃতপক্ষে সর্য পৃথিবীর চেয়েও অনেক বড়। আমরা জানি পৃথিবী সর্যের চারদিকে ঘোরে। সর্যই রাত এবং দিন তৈরি করে।

| | | |
|---|---|---|
| ছোট থালা | : | small plate |
| চেয়েও অনেক বড় | : | much bigger than |
| চারদিকে ঘোরে | : | moves round |

## 7.



শিক্ষাই শক্তি। শিক্ষা ছাড়া কোনো জাতি উন্নতি করতে পারে না। সমাজের জন্য শিক্ষার আলো অত্যন্ত প্রয়োজন। আমাদের দেশের অধিকাংশ লোকই নিরক্ষর। আমাদের সবার উচিত নিরক্ষরতা দর করতে চেষ্টা করা।

| | | |
|---|---|---|
| নিরক্ষরতা | : | illiteracy |

## 8.

কুদরাত-ই-খুদা ১৯০০ সালে পশ্চিমবঙ্গের বীরভূম জেলায় জন্মগ্রহণ করেন। তার ছেলেবেলা কাটে তার নিজ গ্রামে। তিনি প্রথমে মাদ্রাসায় ও পরে স্কুলে লেখাপড়া করেন। বাংলাদেশে বিজ্ঞান চর্চায় তাঁর প্রচুর অবদান রয়েছে।

| | | |
|---|---|---|
| বিজ্ঞান চর্চায় | : | practice of science |
| অবদান | : | contribution |

# ANSWER KEY

## LESSON : 2

**1.**

It is 7 o'clock in the morning. Now it is the time to go to school. Yesterday I was late for school. My teacher scolded me for the late. Won't you go to school? You didn't go to school yesterday too. Take preparation. You must go to school today.

**2.**

| | | |
|---|---|---|
| Rafiq | : | Have you ever gone to Dhaka Zoo? |
| Rana | : | Yes, I have. I've gone there twice. |
| Rafiq | : | What did you like there most? |
| Rana | : | I liked the natural views most. |

**3.**

Children like to visit the fair. There are different types of shops in the fair. Many people gather there. When children go to the fair their enjoyments know no bounds. The atmosphere of the fair is the atmosphere of enjoyment.

**4.**

It is terribly hot today and difficult to stay in. Let us walk outside. The wind beside the river is quite cool. It will be quite comfortable if we go there.

**5.**

The most important work in the student life is to study. This time is valuable. The future life depends on the student life. Apart from the text books the students also have to read other good books. They have to know about the lives of the great people.

**6.**

The other day I went to the fair. Suddenly I saw that a small boy was weeping. He could not find his mother. He was calling his mother at the top of his voice. On the other hand, his mother was also looking for him weeping. They ran towards each other and hugged each other to the bosom.

**7.**

Cox's Bazar is a small town. The natural view of this town is very charming. The Bay of Bengal is on the south of Cox's Bazar. The weather of this town is excellent. I went to Cox's Bazar a few years ago.

**8.**

The orange is a very delicious fruit. Its shape is round. Oranges are grown in Sylhet and Chittagong in Bangladesh. Its cover is very thin and juicy. Everybody likes the orange. It is very nutritious also.

## *LESSON : 3*

**1.**

Jainul Abedein was born in a village in Kishorganj. He was the eldest son of the family. He was fond of drawing pictures from his childhood. Throughout his life he drew the pictures of weal and woe of man.

**2.**

Eighty five per cent people of our country live in villages. They are poor and illiterate. Many of them are landless farmers. They cultivate the land of others. They get a very small share of the crops.

**3.**

Bangladesh is our mother-land. The people this country are very peace loving. We want to live in peace with everybody. We do not envy anybody. We are proud of our culture.

**4.**

Bangladesh is a land of rivers. All rivers fall into the Bay of Bengal. There are many towns, ports and villages on the both sides of the rivers. The rivers become dangerous in the rainy season. But they remain calm in the winter.

**5.**

There are many rivers in Bangladesh. That is why it is called the land of rivers. These rivers become full of water in the rainy season. Most of the people move on boats during that time. Steamers ply on the big rivers. The rivers look very beautiful that time.

**6.**

The sun provides heat and light. It looks like a small plate. But in fact the sun is much bigger than the earth. We know that the earth moves round the sun. It is the sun which causes nights and days.

**7.**

Education is power. No nation can prosper without education. The light of education is essential for the society. Most of the people in our country are illiterate. So we should try to eradicate illiteracy.

**8.**

Qudrat-e-Khuda was born in 1900 in the district of Beervum of the West Bengal. He spent his childhood in his village. He studied in a Madrasha first and then in a school. He had a lot of contributions to the practice of science in Bangladesh.